'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## SEC1-P1-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাক্যের 'যোগ্যতা' কাকে বলে ? উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দাও।

(খ) সরল ও জটিল বাক্যের গঠন কীরূপ তা উল্লেখ করো।

(গ) ক্রিয়া বিশেষণ কাকে বলে ? উদাহরণ দাও।

(ঘ) বাংলা ভাষায় গণমাধ্যমগুলির নাম লেখো ।

(ঙ) পরিভাষা লেখোঃ

Folk culture, Ballad, Blank verse

(চ) বিজ্ঞাপনের সংজ্ঞা দাও। বিজ্ঞাপন কত প্রকার ও কি কি ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) অর্থানুযায়ী বাংলা বাক্যের শ্রেণিবিভাগ উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

(খ) ধাতু ও চলিত গদ্যের পার্থক্য নিরূপণ করো।

(গ) যে-কোনো বিষয় অবলম্বনে বিজ্ঞাপনের একটি খসড়া রচনা করো।

(ঘ) বিশেষণ পদ কাকে বলে ? উদাহরণসহ্ বিশেষণের শ্রেণিবিভাগ করো।

(ঙ) সমাজ জীবনে গণমাধ্যমগুলির প্রভাব বিষয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো।

(চ) সাধুভাষা থেকে চলিত ভাষায় রূপান্তর করার সময় কোন্ কোন্ বিষয়ের উপর লক্ষ্য রাখতে হয় তা উল্লেখ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ক্রিয়াপদ কাকে বলে ? বিভিন্ন প্রকার ক্রিয়াপদের শ্রেণিবিভাগ করে উদাহরণসহ্ আলোচনা করো।

(খ) শুদ্ধ বাক্য গঠনের ত্রিসূত্র কি কি ? বাক্য নির্মাণের শর্তগুলি উদাহরণসহ্ আলোচনা করো।

(গ) বিজ্ঞাপনের উদ্দেশ্যগুলি উল্লেখ করো। ব্যক্তিগত বিজ্ঞাপন ও শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের পার্থক্য নিরূপণ করো।

(ঘ) তোমার মহাবিদ্যালয়ে অনুষ্ঠিত রক্তদান শিবিরকে কেন্দ্র করে একটি সংবাদ প্রতিবেদন রচনা করো।

———×———

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

## SEC1-P1-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বচন কাকে বলে ? বচন কয় প্রকার ও কী কী ?

(খ) সর্বনাম পদ কী ? এই পদের ব্যবহার সম্পর্কে লেখো।

(গ) সাধু ভাষার তিনটি বৈশিষ্ট্য লেখো।

(ঘ) হ্যালহেড ও রামমোহন রায়ের লেখা বাংলা ব্যাকরণ গ্রন্থ দুটির নাম লেখো।

(ঙ) বুৎপত্তি কথার অর্থ কী ? 'ভদ্রতা' শব্দের বুৎপত্তি নির্ণয় করো।

(চ) উইলিয়াম কেরীর লেখা দু'খানি বাংলা গ্রন্থের নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) নিম্নলিখিত শব্দগুলোর বুৎপত্তি নির্ণয় করোঃ

আজ, ইঁট, ওঝা, দাম, নট, পুঁথি।

(খ) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে রাজা রামমোহন রায়ের অবদান সংক্ষেপে লেখো।

(গ) ক্রিয়া কাকে বলে ? উদাহরণসহ ক্রিয়ার প্রকারভেদগুলি আলোচনা করো।

(ঘ) উপসর্গ কাকে বলে ? উপসর্গ কিভাবে শব্দ বা ধাতুর অর্থ পরিবর্তন ঘটায় তা উদাহরণসহ লেখো।

(ঙ) সাধু থেকে চলিত গদ্যে রূপান্তর করোঃ

"এখানে আসিয়া অবধি কোনও বাঙালীর মুখ দেখি নাই, অন্য জাতীয় লোকের সঙ্গেও বিশেষ পরিচয় হয় নাই, তাই একাকী ঘুরিতেছিলাম। বাহিরের শীতশিহরিত তন্দ্রচ্ছন্ন প্রকৃতি আমাকে গভীর রাত্রিতে ঘর হইতে টানিয়া বাহির করিয়াছিল। এই প্রকৃতির পানে চাহিয়া চাহিয়া আমার মনে হইতেছিল, এ দৃশ্য যেন ইহজগতের নহে, কিংবা যেন কোন্ অতীত যুগ হইতে ছিঁড়িয়া আনিয়া অর্ধ-ঘুমন্ত দৃশ্যটাকে কেহ এখানে ফেলিয়া দিয়া গিয়াছে।"

(চ) বাংলা বাক্য কত প্রকার ও কী কী ? প্রতিটি প্রকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো।

(খ) ব্যাকরণে পুরুষ কথাটির অর্থ কী ? পুরুষ কয় প্রকার ও কী কী ? প্রত্যেক পুরুষের উদাহরণসহ সংজ্ঞা লেখো।

(গ) পদ কাকে বলে ? পদ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকার পদের উদাহরণসহ সংজ্ঞা ও ব্যাখ্যা লেখো।

(ঘ) বিশেষ্য কাকে বলে ? উদাহরণসহ বিভিন্ন প্রকার বিশেষ্যের প্রকারভেদ আলোচনা করো।

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

## CC5-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যে যে সমস্ত নদ-নদীর নাম উল্লেখ আছে তা লেখো এবং উল্লিখিত দু'টি স্থানের নাম লেখো।

(খ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের নায়কের বিবাহের ঘটক কে ছিল? তাকে তার পারিশ্রমিক হিসাবে কি কি দেওয়া হয়েছিল?

(গ) লখীন্দরের বাসর ঘর কে, কি দিয়ে নির্মাণ করেছিল? সেটির নিরাপত্তা বিধান কিভাবে করা হয়েছিল?

(ঘ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে উল্লিখিত ছয়টি অপ্রধান চরিত্রের নাম লেখো।

(ঙ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থটি কবে রচিত হয়? গ্রন্থটির আদি নাম কি ছিল? নাম পরিবর্তনের একটি কারণ উল্লেখ করো।

(চ) শ্রীচৈতন্যদেবের প্রথম পত্নীর নাম কি? তাঁর সঙ্গে শ্রীচৈতন্যদেবের পরিণয় কবে হয়? তাঁদের প্রথম সাক্ষাৎ কোথায় হয়?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) কবিকঙ্কণের 'চণ্ডীমঙ্গল' কাব্যের 'বারোমাস্যা' অংশে সতীন সমস্যা কেন্দ্রিক নারীর যে মর্মবেদনা ব্যক্ত হয়েছে তা আলোচনা করো।

(খ) মুকুন্দের 'চণ্ডীমঙ্গল' কাব্যে 'কালকেতুর ভোজন' প্রসঙ্গে যে খাদ্য তালিকা বর্ণিত তাতে কবির যে কাব্যসৌন্দর্য ব্যক্ত তা আলোচনা করো।

(গ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যের মৌলিকতা বিচার করো।

(ঘ) 'মনসামঙ্গল' কাব্যে দেবী মনসা কর্তৃক চাঁদ সদাগরের মহাজ্ঞান হরণের অংশটির গুরুত্ব আলোচনা করো।

(ঙ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থ অবলম্বনে সমকালীন নবদ্বীপের সমৃদ্ধির যে ছবি উঠে এসেছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) 'চৈতন্য ভাগবত' গ্রন্থে মহাপ্রভুর কাজীদলন দৃশ্যের বর্ণনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) কবিকঙ্কণের 'চণ্ডীমঙ্গল' কাব্যে বর্ণিত লোক উপাদান সম্পর্কে আলোচনা করো।

(খ) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে বর্ণিত করুণ রসের পরিচয় দাও।

(গ) বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত' গ্রন্থ অনুসরণে হরিদাস মাহাত্ম্যটির পরিচয় দাও।

(ঘ) কবি মুকুন্দের 'চণ্ডীমঙ্গল' কাব্যের পাঠ্য অংশ অনুসরণে একে 'বাঙালীর ঘরের কাব্য' বলা যায় কিনা — যুক্তিসহ আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

## CC6-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'বাংলা ছন্দের মূলসূত্র', 'কবিতার ক্লাস', 'ছন্দের বারান্দা'— এই গ্রন্থগুলি রচয়িতাদের নাম লেখো।

(খ) মোহিতলাল মজুমদারের ছন্দ সম্পর্কিত গ্রন্থটির নাম কী ? গ্রন্থটি কত সালে প্রকাশিত ? তিনি দলবৃত্ত ছন্দকে কি নামে অভিহিত করেন ?

(গ) ছেদ ও যতির পার্থক্য লেখো এবং উদাহরণ দাও।

(ঘ) পর্বকে কী কী ভাবে বিভক্ত করা হয় ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঙ) উপমা অলংকারের কয়টি অঙ্গ ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(চ) 'উৎপ্রেক্ষা' শব্দের অর্থ কী ? এই অলংকারকে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী ? উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মুক্তক ও গদ্য ছন্দের পার্থক্য কোথায় ? উদাহরণসহ এই দুই ছন্দের বৈশিষ্ট্যের উল্লেখ করে বুঝিয়ে দাও।

(খ) ছন্দলিপি প্রস্তুত করোঃ

(অ) চলি চলি পা পা
টলি টলি যায়
গরবিনী হেসে হেসে
আড় চোখে চায়।

(আ) আকাশ জুড়ে মেঘ করেছে।
বৃষ্টি এলো কোন্ দেশে
কী জানি কোন্ গাছের ছায়া
একটি নদীর কোল ঘেষে॥

(গ) অলংকার নির্ণয় করোঃ

(অ) সাগরে যে অগ্নি থাকে কল্পনা সে নয়,
চক্ষে দেখে অবিশ্বাসীর হয়েছে প্রত্যয় -

(আ) গোপন প্রেম রয় না ঘরে
আলোর মত ছড়িয়ে পড়ে।

(ঘ) সমাসোক্তি কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঙ) যমক ও শ্লেষ অলংকারের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(চ) নিদর্শনা অলংকারের সংজ্ঞা লেখো এবং উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা ছন্দে সত্যেন্দ্রনাথ দত্তের অবদান আলোচনা করো।

(খ) বাংলা প্রধান তিন ছন্দের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

(গ) উপমা অলংকার কাকে বলে ? উদাহরণসহ উপমার প্রকারভেদগুলি আলোচনা করো।

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

বক্রোক্তি, ভ্রান্তিমান, ব্যাজস্তুতি, অসঙ্গতি।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

## CC7-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'বীরাঙ্গনা' কাব্যের পত্রগুলিকে বিষয়গতভাবে ক'টি শ্রেণীতে বিন্যস্ত করা যায় ? যে-কোনো দুটি শ্রেণীর একটি করে পত্রের নাম লেখো।

(খ) 'বীরাঙ্গনা' কাব্যের দ্বিতীয়, চতুর্থ ও একাদশ সংখ্যক পত্রের নাম লেখো। কবি মধুসূদন এই কাব্যে ক'টি পত্র লেখার পরিকল্পনা করেছিলেন ?

(গ) 'আজি তার মাতা
দেখে নাই তারে।'

— কোন্ কবিতার অংশ ? কবিতাটির রচনাকাল উল্লেখ করো। এখানে 'তারে' বলতে কাকে বোঝানো হয়েছে ?

(ঘ) 'সে ছিল তোমারি ছায়া –
তোমারি প্রেমের মায়া!'

— কোন্ গ্রন্থের, কোন্ পর্বের, কত সংখ্যক কবিতার অংশ এটি ?

(ঙ) 'এষা' কাব্যের কবিতাগুলিকে ক'টি ভাগে ভাগ করা হয়েছে ? যে-কোনো দু'টি পর্বের উল্লেখ করে প্রতিটি পর্বে ক'টি করে কবিতা আছে উল্লেখ করো।

(চ) 'বৈষ্ণব কবিতা' কোথায় অবস্থানকালে রচিত হয়েছিল ? এই কবিতার রচনাকালসহ কোন্ পত্রিকায় প্রকাশিত হয় তা' উল্লেখ করো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'এষা' কাব্যকে গীতিকবিতা বলা যায় কিনা আলোচনা করো।

(খ) 'এষা' কাব্যের 'অশৌচ' পর্বের ১২-সংখ্যক কবিতার ভাববস্তু লেখো।

(গ) গীতিকবিতা হিসাবে 'ঝুলন' কবিতার সার্থকতা বিচার করো।

(ঘ) 'যেতে নাহি দিব' কবিতাটির অন্তর্নিহিত ভাববস্তু বিশ্লেষণ করো।

(ঙ) 'বীরাঙ্গনা' কাব্যে রামায়ণের কোন্ কোন্ চরিত্র স্থান পেয়েছে ? যে-কোনো একটি চরিত্রনির্ভর পত্রের ভাববস্তু বর্ণনা করো।

(চ) 'বীরাঙ্গনা' কাব্যের পঞ্চম সংখ্যক পত্রের নাম কি ? এই পত্রটি কি ধরনের রচনা ? এই পত্রের উদ্দিষ্ট নারী চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ =২৪

(ক) 'সোনারতরী' এবং 'নিরুদ্দেশ যাত্রা' কবিতা দুটি একে অপরের পরিপূরক কিনা আলোচনা করো।

(খ) 'এষা' কাব্যের 'মৃত্যু' পর্বের পাঠ্য কবিতা (তিন ও ছয় সংখ্যক) অবলম্বনে কবির মৃত্যু ভাবনার প্রকাশ কিভাবে ঘটেছে তা' ব্যক্ত করো।

(গ) 'বীরাঙ্গনা' কাব্যের আধুনিকতা সম্পর্কে আলোচনা করো।

(ঘ) 'সোনারতরী' কাব্যে রোমান্টিক চেতনার প্রকাশ কিভাবে ঘটেছে তা' আলোচনা করো।

———×———

'সমানী মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## DSC1/2-P3-BENGALI

**OLD SYLLABUS** [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান' — পদকর্তার নাম বলো। কার উদ্দেশ্যে বলা হয়েছে ? 'মোহিনী' – শব্দের অর্থ কী ?

(খ) 'অব মথুরাপুর মাধব গেল' – পদটির রচয়িতা কে ? 'মথুরাপুর' 'মাধব' কী কারণে গমন করেন ?

(গ) 'রাধার কী হইল অন্তরে ব্যথা' – পদটির রচয়িতা কে ? রাধার অন্তরে বেদনার কারণ কী ?

(ঘ) 'লোকসাহিত্য' – কার লেখা ? এতে প্রবন্ধ সংখ্যা নির্দেশ করো।

(ঙ) 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' — ছড়াটি সম্পর্কে প্রবন্ধে যা বলা হয়েছে তা আলোচনা করো।

(চ) রায়গুণাকর-এর প্রকৃত নাম কী ? তিনি কোন্ রাজার সভাকবি ছিলেন ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) গৌরাঙ্গ বিষয়ক পদ ও গৌরচন্দ্রিকার সম্পর্ক নির্দেশ করো।

(খ) 'কি কহব রে সখী আনন্দ ওর' — কোন্ পর্যায়ের পদ ? পদটির তাৎপর্য নিজের ভাষায় বলো।

(গ) পূর্বরাগ সম্পর্কে যা জানো উদাহরণসহ তা আলোচনা করো।

(ঘ) 'গেল গেল কুল কুল, যাক কুল' — কোন্ প্রবন্ধের অন্তর্গত ? প্রাবন্ধিক এই কবিতাংশের দ্বারা কী বুঝিয়েছেন ?

(ঙ) 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে' — পদকর্তার নাম উল্লেখ করো। পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(চ) 'অনেক জিনিস আছে যাহাকে স্বস্থান হইতে বিচ্যুত করিলে তা বিকৃত এবং দূষণীয় হইয়া ওঠে' — কোন্ প্রবন্ধের অংশ ? রবীন্দ্রনাথ ঠাকুরের সূত্র ধরে বক্তব্যের ব্যাখ্যা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) তোমার পঠিত বৈষ্ণব পদাবলী সাহিত্যের যে-কোনো একজন কবি সম্পর্কে আলোচনা করো।

(খ) পূর্বরাগ ও অনুরাগের সম্পর্ক আলোচনা করো। অনুরাগ পর্যায়টি উদাহরণসহ আলোচনা করো।

(গ) 'ছেলে ভুলানো ছড়া' — সম্পর্কে রবীন্দ্রনাথ ঠাকুরের ভাবনাগুলি আলোচনা করো।

(ঘ) 'গ্রাম্যসাহিত্য' — প্রবন্ধের বিষয় আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 3rd Semester Examination, 2022

## GE2-P1-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাংলা গদ্যচর্চায় বিশেষভাবে উল্লেখযোগ্য তিনজন লেখকের তিনটি গদ্যগ্রন্থের নাম লেখো।

(খ) আধুনিক বাংলা গীতিকবিতার ধারায় কাকে 'ভোরের পাখি' বলা হয় এবং কেন ? তাঁর শ্রেষ্ঠ কাব্যটির নাম কী ?

(গ) বাংলা সাহিত্যে প্রথম সার্থক উপন্যাসটির নাম কী ? উপন্যাসটির লেখক কে ? এটি কী ধরনের উপন্যাস ?

(ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের তিনটি ঐতিহাসিক নাটকের প্রকাশকালসহ নাম লেখো।

(ঙ) পূজা > পুজো – কী ধরনের ধ্বনি পরিবর্তন যুক্তিসহ লেখো।

(চ) নাসিক্যীভবন কাকে বলে ? উদাহরণসহ লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কি কি পদক্ষেপ গ্রহণ করেছিলেন — উল্লেখ করে সংক্ষিপ্ত আলোচনা করো।

(খ) ঈশ্বরগুপ্তের কবিতায় আধুনিক যুগ-জীবনের কোন্ কোন্ বৈশিষ্ট্য পরিস্ফুট যুক্তিসহ আলোচনা করো।

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলি আলোচনা করো।

(ঘ) গিরিশচন্দ্র ঘোষের পৌরাণিক নাটকগুলির নাম উল্লেখ করে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) টীকা লেখোঃ 'স্বরভক্তি', 'সংকর শব্দ'।

(চ) বাংলা ভাষার যুগবিভাজন করে প্রতিটি যুগের সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্যের চর্চায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(খ) ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(গ) বাংলা ভাষার উদ্ভবের রূপরেখা প্রস্তুত করো।

(ঘ) তোমার এলাকায় কোন্ উপভাষা প্রচলিত ? উপভাষাটির ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

——×——

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## LCC1-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বিভক্তি কাকে বলে ? তিনটি বিভক্তির নাম লেখো।

(খ) উদাহরণসহ উপসর্গের সংজ্ঞা দাও।

(গ) অনুসর্গযোগে তিনটি শব্দ গঠন করো।

(ঘ) উদাহরণসহ অপিনিহিতির সংজ্ঞা দাও।

(ঙ) জোড়কলম শব্দ কিভাবে তৈরি হয় — উদাহরণসহ আলোচনা করো।

(চ) প্রত্যয় নির্ণয় করোঃ

বাবুগিরি, সাংবাদিক, ক্ষয়িষ্ণু, বর্তমান, পাগলামি, চরণ।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) প্রত্যয় কাকে বলে ? কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ের পার্থক্য আলোচনা করো। কৃৎ ও তদ্ধিত প্রত্যয়ান্ত শব্দের দু'টি করে উদাহরণ দাও।

(খ) কারক ও বিভক্তি নির্ণয় করোঃ

(অ) রাম <u>তাস</u> খেলে।
(আ) তাদের <u>এখানে</u> ডেকে আনো।
(ই) <u>আমি</u> নিজের চোখে দেখেছি।
(ঈ) <u>দীনে</u> দয়া করো।
(উ) <u>বাঘে</u> মানুষ খায়।
(ঊ) সাদা <u>মেঘে</u> বৃষ্টি হয় না।

(গ) টীকা লেখোঃ

অভিশ্রুতি, লোকনিরুক্তি।

(ঘ) সমাস কাকে বলে ? সমাস কত প্রকার ও কী কী ? একটি করে উদাহরণ দাও।

(ঙ) সংস্কৃত ভাষায় উপসর্গের সংখ্যা কয়টি ও কী কী ? উপসর্গযোগে শব্দার্থের পরিবর্তন হয় এমন তিনটি শব্দের উদাহরণ দাও।

(চ) অতীতকালের চারটি বিভিন্ন রূপের উদাহরণসহ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ

সমীভবন, স্বরসঙ্গতি, বর্ণবিপর্যয়, স্বরভক্তি।

(খ) উচ্চারণস্থান অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির শ্রেণিবিভাগ আলোচনা করো।

(গ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি আলোচনা করো।

(ঘ) ক্রিয়ার কাল ও তার রূপভেদগুলি উদাহরণসহ আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 3rd Semester Examination, 2022

## SEC1-P1-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বিজ্ঞাপন বলতে কী বোঝো ? বিজ্ঞাপনের প্রয়োজনীয়তার দু'টি কারণ লেখো।

(খ) পদ কাকে বলে ? পদ কত প্রকার ও কী কী ?

(গ) চলিত গদ্য কাকে বলে ? চলিত গদ্যের তিনটি বৈশিষ্ট্য লেখো।

(ঘ) সরল বাক্য কাকে বলে ? উদাহরণসহ বুঝিয়ে দাও।

(ঙ) প্রতিবেদন বলতে কী বোঝো ? প্রতিবেদন রচনার দুটি বৈশিষ্ট্য লেখো।

(চ) উদ্দেশ্য ও বিধেয় কী ? দু'টি উদাহরণের সাহায্যে উদ্দেশ্য ও বিধেয় বুঝিয়ে দাও।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) উদাহরণসহ সাধু ও চলিত গদ্যের পার্থক্য লেখো।

(খ) বিশেষ্য পদ কাকে বলে ? উপযুক্ত দৃষ্টান্তসহ বিশেষ্য পদের শ্রেণিবিভাগ দেখাও।

(গ) আসন্ন বইমেলায় তোমার একটি বই প্রকাশিত হবে, তা জানিয়ে একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

(ঘ) পরিভাষা লেখোঃ

Academic Session, Fax, Adult Franchise, Book Value, E-mail, Faculty Blood Bank, Mobile Phone, Verification Roll, Progress Report, Internet, Mass Media.

(ঙ) তোমার শহরে ক্রমবর্ধমান যানজটের সমস্যার কথা নিয়ে একটি প্রতিবেদনের খসড়া তৈরি করো।

(চ) বাংলা বাক্য গঠনের তিনটি শর্ত কী কী ? এগুলি সম্পর্কে দৃষ্টান্তসহ আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বর্তমান জনজীবনে গণমাধ্যমের ভূমিকা নিয়ে একটি প্রবন্ধ লেখো।

(খ) বিশেষণ পদের সংজ্ঞা দাও। দৃষ্টান্তসহ এই পদের শ্রেণিবিভাগ করো।

(গ) বিজ্ঞাপনের শ্রেণিবিভাগ করো। দৃশ্য বিজ্ঞাপন ও শ্রাব্য বিজ্ঞাপনের পার্থক্য দেখাও।

(ঘ) ক্রিয়ার কাল বলতে কী বোঝো ? বিভিন্ন প্রকার ক্রিয়ার কাল সম্পর্কে আলোচনা করো।

——×——